2017/EVEN/01/02/BNG–404
(A/B/C/D/E/F/G)/405

PG Even Semester (CBCS) Exam., May—2017

BENGALI

(4th Semester)

Course No. : BNGCC–404

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

Candidates have to answer *either* Option—A *or* Option—B *or* Option—C *or* Option—D *or* Option—E *or* Option—F *or* Option—G

OPTION—A

Course No. : BNGCC–404 (A)

[**সাহিত্যতত্ত্ব—২ (চিন্তাপ্রস্থান ও প্রয়োগ)**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'আখ্যানতত্ত্ব' বলতে কী বোঝ? এই তত্ত্বপ্রস্থানের সঙ্গে সংশ্লিষ্ট যে কোনো দু'জন তাত্ত্বিকের নামোল্লেখ করো এবং তাঁদের ভাবনা-পরিসরের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+৫+৫=১৪

২। 'কঙ্কাবতী' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল? ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় রচিত আরও দুটি আখ্যানগ্রন্থের নাম লেখো। ''প্রতীচ্যাগত উপন্যাস-আঙ্গিকের এক সোচ্চার অস্বীকৃতি ঘোষিত হয়েছে 'কঙ্কাবতী'র প্রাকরণিক সংস্থাপনে।'' উক্তিটির যাথার্থ্য বিচার করো। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। *The Art of the Novel* গ্রন্থটি কার লেখা? ''আখ্যান ও আখ্যানতত্ত্ব এখন বহুস্বরিক ও অনেকার্থদ্যোতক প্রক্রিয়ার নাম। বহুস্বরের সংশ্লেষণে গড়ে উঠেছে এদের পরিসর। জীবনের আলো-আঁধারি গ্রন্থনা যতদিন অক্ষুণ্ণ থাকবে, আখ্যান আর আখ্যানতত্ত্বে ততদিন অব্যাহত থাকবে আত্মবিনির্মাণ।'' আখ্যানের ভাবাদর্শ বিশ্লেষণ করে বিষয়টি বুঝিয়ে দাও। ১+১৩=১৪

৪। সৈয়দ ওয়ালীউল্লাহের প্রথম উপন্যাসটির নাম কী? 'চাঁদের অমাবস্যা' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? '' 'চাঁদের অমাবস্যা' উপন্যাসে প্রকৃতি সমাজ ও ব্যক্তি মানুষকে ঔপন্যাসিক দেখেছেন আরেফ আলীর অবস্থান থেকে। তাই এ-উপন্যাসের জগৎ নিঃসঙ্গ, আত্মমগ্ন, অন্তর্দ্বন্দ্বে আকীর্ণ একজন মানুষের জগৎ।'' উপন্যাস আলোচনায় বক্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'অশ্বমেধের ঘোড়া' গল্পটি প্রথম কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ''বৈপরীত্যের জীবনদর্শন অথবা জীবনবোধে বৈপরীত্যের অনিবার্যতার গল্প হয়ে উঠেছে 'অশ্বমেধের ঘোড়া'।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

৬। দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মসন কত? তাঁর দু'টি উপন্যাসের নাম লেখো। ''দীপেন্দ্রনাথের গল্প জীবনের দিকে ফিরে তাকানোর গল্প, চরম শোচনীয়তার মধ্যেও পুনরুজ্জীবনের গল্প।'' বক্তব্যটি পর্যালোচনা করো। ১+২+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। 'ঘুমকাতুরে ঈশ্বর' উপন্যাসটি কবে প্রকাশিত হয়েছিল? ''এ গাঁয়ের বয়সী নারী হয়েও কারও সাহায্য ছাড়াই হেঁটে যেতে পারে, ওর কোনো লাঠিরও দরকার হয় না।'' এখানে কার কথা বলা হয়েছে? সেলিনা এ-উপন্যাসে নারীর পরিসর সন্ধান এবং সংগ্রামী আকাঙ্ক্ষার রূপায়ণে পিতৃতন্ত্রের প্রচলিত ছককে প্রত্যাখ্যান করেছেন। উপন্যাস পাঠের নিরিখে বিষয়টি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৮। নওর্তন দেওয়া কে? ''মোগ আল্লাহ অহন ঘুমাইতাছে''— এই উচ্চারণ কার? ''উপনিবেশোত্তর মূল্যবোধের প্রকৃত ধারক ও বাহক হলো প্রান্তিকায়িত অবস্থানের প্রতি উচ্চারণ।'' এই মন্তব্যের নিরিখে দেখাও উপনিবেশোত্তর চেতনার অভিব্যক্তি কীভাবে 'ঘুমকাতুরে ঈশ্বর' উপন্যাসে প্রকাশ পেয়েছে? ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। *The Short Story* এবং *A Grammar of Stories* গ্রন্থদুটির লেখকদের নাম উল্লেখ করো। ''কী গল্প ভাষায় কী প্রাকরণিক বিন্যাসে কী বিষয়বস্তুতে শেখরের কোনো দুটি গল্পই একরকম নয়।'' 'কোষাগার' গল্পসংকলনের রচনাগুলির নিরিখে আলোচনা করো। ২+১২=১৪

১০। রণবীর পুরকায়স্থ রচিত প্রথম গল্পসংকলনটির নাম উল্লেখ করো। '' 'আসমান জমিন কথা' সংকলনটি এক গল্পকারের তীব্র নান্দনিক নিরীক্ষার অভিজ্ঞান।'' মন্তব্যটি যথার্থ কিনা বিচার করো। ১+১৩=১৪

OPTION—B

Course No. : BNGCC–404 (B)

(বিশেষ পাঠ : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। পুথির সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করো। পুথির জন্য কি কি উপাদান প্রয়োজন? মধ্যযুগের পুথিগুলি ধারাগত দিক দিয়ে শ্রেণিবিভাজন করো। ৩+৬+৫=১৪

২। উপকরণগতভাবে পুথিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়? পুথি শব্দটি প্রথম কোথায় ব্যবহৃত হয়? পুথি সম্পাদনার বিচার-বিশ্লেষণ পদ্ধতি নিয়ে আলোচনা করো। ৩+১+১০=১৪

খ—গুচ্ছ

৩। ড. সুকুমার সেন কোন্ কবির কাহিনিকে 'মনসামঙ্গল'-এর পূর্ণাঙ্গ কাহিনি বলে বিবেচনা করেছেন? বিজয়গুপ্ত তাঁর কাব্য রচনার কাল সম্বন্ধে যে আর্যা রচনা করেছেন তার উল্লেখ করো। ''বিজয়গুপ্তের মনসামঙ্গলে সমাজের আচরিত জীবনবোধের পূর্ণচিত্র বিদ্যমান। কবির সচেতন চোখ সমাজের খুঁটিনাটি বস্তু ও ঘটনাকে এড়িয়ে যায় নি।'' উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

৪। তন্ত্রবিভূতি কোন্ অঞ্চলের কবি ছিলেন? তন্ত্রবিভূতির 'মনসাপুরাণ' কাব্যের আবিষ্কর্তা কে? চাঁদসদাগর চরিত্র-চিত্রণে তন্ত্রবিভূতি কতখানি গতানুগতিক এবং কতটা মৌলিক তা আলোচনা করে চাঁদসদাগর চরিত্রের বৈশিষ্ট্য নির্দেশ করো।

১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। কৃষ্ণদাস কবিরাজ ছাড়া অন্য দু'জন চৈতন্যজীবনীকার ও তাঁদের গ্রন্থনাম উল্লেখ করো। ''সেই দুই জগতের হইয়া সদয়/গৌরদেশে পূর্বশৈলে করিলা উদয়''—'সেই দুই' কারা? গ্রন্থানুসরণে তাঁদের আবির্ভাবের মূল প্রয়োজন বিশদ করো।

২+২+১০=১৪

৬। 'চৈতন্যচরিতামৃত'-এর 'আদিলীলা' অনুসরণে সাধ্যসাধন তত্ত্ব নিরূপণ করো। এই তত্ত্ব-বিষয়ক প্রশ্নকর্তা কে? আদিলীলার বিষয় সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৪+১+৯=১৪

ঘ—গুচ্ছ

৭। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দু'জন সম্পাদকের নাম লেখো। মুকুন্দ চক্রবর্তীর পূর্বপুরুষদের আদি নিবাস কোথায় ছিল? '' 'চণ্ডীমঙ্গল' কাব্যে পিতৃতান্ত্রিক সমাজ কাঠামোকে মেনে চললেও নারীচরিত্রগুলি ব্যক্তিত্বের স্বাতন্ত্র্যে ভাস্বর।'' নারীচরিত্রগুলি আলোচনার মাধ্যমে বক্তব্যটি বিশদ করো।

২+১+১১=১৪

৮। তোমার পাঠ্য 'শিবায়ন' কাব্যটির কবি-পরিচিতি উল্লেখ করো। উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে 'শিবায়ন' কাব্যে উল্লিখিত কৃষি ও বিবাহকেন্দ্রিক লোকাচারগুলো বিশ্লেষণ করো। ৪+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। ভারতচন্দ্রের বৃহৎ কাব্যের মধ্যে রক্তমাংসের মানুষ অর্থাৎ human man পাই একটি। তাও ঠিক নয়—একটি মানুষের একটু ক্ষণিক আবির্ভাব। এ হইতেছে ঈশ্বর পাটনী—উক্তিটি কার? এই মন্তব্যের নিরিখে চরিত্র-চিত্রণে ভারতচন্দ্রের কৃতিত্ব নিরূপণ করো। ১+১৩=১৪

১০। ভারতচন্দ্রের শ্রেষ্ঠ রচনা কোনটি? রায়গুণাকর উপাধি তাঁকে কে দিয়েছিলেন? ভারতচন্দ্র তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যকে বলেছেন 'নূতনমঙ্গল'—এই উক্তির যথার্থতা বিচার করো। ১+১+১২=১৪

OPTION—C

Course No. : BNGCC–404 (C)

(রবীন্দ্রসাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'রবীন্দ্র পাঠকের ডায়েরী' গ্রন্থটির রচয়িতা কে? ''শেষ পর্যায়ের রবীন্দ্রকাব্যের লক্ষণীয় বৈশিষ্ট্য কবি জীবনের জাতীয় আত্মবীক্ষা ও আপনার জন্মদিনকে উপলক্ষ্য করে কবি ধর্মের পর্যালোচনা।'' উক্ত মন্তব্যের আলোকে আধুনিক রবীন্দ্রসাহিত্য সমালোচনার স্বরূপ নির্ণয় করো। ১+১৩=১৪

২। রবীন্দ্র বিশেষজ্ঞ অরুণকুমার বসুর যে-কোন দুটি রবীন্দ্রসাহিত্য সমালোচনা-বিষয়ক গ্রন্থের নাম লেখো। '' রবীন্দ্রনাথের ঈশ্বর-ভাবনা ও তৎসংশ্লিষ্ট ধ্যান-ধারণা, মার্গ থেকে মার্গান্তরে চলে গেছে একাধিকবার... এমন বৈচিত্র্যময় অথচ প্রত্যেকটি সাধনায় নিবিষ্টপ্রাণ সাধকের দৃষ্টান্ত সহজে খুঁজে পাওয়া যায় না।'' মন্তব্যটির আলোকে রবীন্দ্রনাথের অধ্যাত্মচেতনার দিক নির্দেশ করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। পত্রসাহিত্যের তিনটি বিভাগ কি কি লেখো। ''পত্রসাহিত্য লেখকের নিগূঢ় মনের স্বরলিপি। তার নিভৃত কণ্ঠস্বর''—'ছিন্নপত্রাবলী'-র পত্রালোচনায় উক্ত মন্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ৩+১১=১৪

৪। কোন্ গ্রন্থটি বাংলার পত্রসাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন হিসেবে বিবেচিত? রচনার কালসীমা কত বছর? রিয়াল ও আইডিয়ালের দ্বান্দ্বিক রূপপ্রকাশে পত্রলেখকের রোমান্টিক অথচ বাস্তব-অবিযুক্ত সত্তার পরিচায়ক হিসাবে পত্রগুচ্ছের সার্থকতা নিরূপণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। রবীন্দ্রনাথের শিক্ষা-বিষয়ক দুটি প্রবন্ধের নাম উল্লেখ করো। রবীন্দ্রনাথের শিক্ষাভাবনার মূল সূত্রগুলি পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশদে আলোচনা করো। ২+১২=১৪

৬। রবীন্দ্রনাথ শিক্ষার মিলন বলতে কি বুঝিয়েছেন? মানবজ্ঞানের বিকাশে বিশ্ববিদ্যালয়ের রূপ ও ভূমিকা সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত লিপিবদ্ধ করো। ৪+১০=১৪

ঘ—গুচ্ছ

৭। 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ গ্রন্থটি কোন্ সালে প্রকাশিত হয়? সর্বমোট কতটি প্রবন্ধ এই প্রবন্ধ গ্রন্থে সংকলিত হয়েছে? ''রামমোহনের প্রশংসায় রবীন্দ্রনাথ কোনো কোনো স্থানে কিছু মাত্রা ছাড়িয়েছেন বটে, কিন্তু বাংলা গদ্যকে বিতর্ক, সিদ্ধান্ত ও মতপ্রতিষ্ঠায় নিয়োগ করে এবং যাবতীয় চিন্তার কর্মে এই ভাষাকে ব্যবহার করে রামমোহন যে নবজাগ্রত বাংলা গদ্যের নান্দীপাঠ করেছিলেন, রবীন্দ্রনাথের এই সিদ্ধান্ত সম্পূর্ণ যুক্তিসঙ্গত।'' সমালোচকের এই মন্তব্য 'আধুনিক সাহিত্য'-এর প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১+১+১২=১৪

৮। 'কৃষ্ণচরিত্র' প্রবন্ধটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? রবীন্দ্রনাথ বলেছেন ''বঙ্কিম গ্রন্থের প্রারম্ভ হইতেই তরবারি হস্তে সংগ্রাম করিতে করিতে অগ্রসর হইয়াছেন, কোথাও শান্তভাবে তাঁহার কৃষ্ণের সমগ্র মূর্তি আমাদের সম্মুখে একত্র ধরিবার অবসর পান নাই।'' মন্তব্যটি কতটা যুক্তিযুক্ত 'আধুনিক সাহিত্য'-এর প্রবন্ধ অবলম্বনে পর্যালোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'মানুষের ধর্ম' প্রবন্ধটি কত সালে কোথা থেকে প্রথম প্রকাশিত হয়? ''মানুষের একটা দিক আছে যেখানে বিষয় বুদ্ধি নিয়ে সে আপন সিদ্ধি খোঁজে। সেইখানে আপন ব্যক্তিগত জীবনযাত্রা নির্বাহে তার জ্ঞান, তার কর্ম, তার রচনাশক্তি একান্ত ব্যাপৃত। সেখানে সে জীবরূপে বাঁচতে চায়।'' 'মানুষের ধর্ম' প্রবন্ধের ভূমিকাতে রবীন্দ্রনাথের এই মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

১০। 'মানুষের ধর্ম' প্রবন্ধটি কয়টি পর্বে বিন্যস্ত? ''পথ চলেছিল একটানা বাইরের দিকে, তার নিজের মধ্যে নিজের অর্থ ছিল না। পৌঁছল এসে ঘরে, সেখানে অর্থ পাওয়া গেল, আরম্ভ হলো ভিতরের লীলা। মানুষে এসে পৌঁছল সৃষ্টি ব্যাপার, কর্মবিধির পরিবর্তন ঘটল, অন্তরের দিকে বইল তার ধারা।'' 'মানুষের ধর্ম' প্রবন্ধে রবীন্দ্রনাথের এই অভিমতের সার্থকতা প্রতিপন্ন করো। ১+১৩=১৪

OPTION—D

Course No. : BNGCC–404 (D)

[**লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (২) বিশেষ পাঠ : বরাক উপত্যকা**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। নিধনপুর তাম্রফলকটি কোন্ সালে আবিষ্কৃত হয়? এর পাঠোদ্ধার কে করেছিলেন? ''শ্রীহট্ট-কাছাড় অঞ্চলের আদি-সাংস্কৃতিক অবয়বটি গড়ে তুলেছিলেন ভোটব্রম এবং অস্ট্রিকরা...।'' মন্তব্যটি বিশদ করো। ১+১+১২=১৪

২। 'শ্রীহট্টের ইতিবৃত্ত' ও 'কাছাড়ের ইতিবৃত্ত' বই দুটির লেখকের নাম উল্লেখ করো। বরাক উপত্যকার জনবিন্যাস সম্বন্ধে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'সোণাধনের গীত'-এর সংগ্রাহক কে? এটি কোন্ অঞ্চল থেকে সংগৃহীত হয়েছিলো? প্রাক্-স্বাধীনতা পর্বে বরাক উপত্যকার লোকসংস্কৃতি চর্চার ইতিহাস পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৪। পর্যবেক্ষণ (Observation) কত প্রকার ও কী কী? ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে লোকসংস্কৃতির যে কোনো উপাদান-বিষয়ক একটি প্রতিবেদন প্রস্তুত করো। ৪+১০=১৪

গ—গুচ্ছ

৫। লোক উৎসব বলতে কী বোঝ? লোক উৎসবগুলি একান্তভাবেই আঞ্চলিক। বরাক উপত্যকা থেকে দৃষ্টান্ত দিয়ে বিষয়টি স্পষ্ট করো। ৩+১১=১৪

৬। প্রবাদের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করো। প্রবাদ অন্তঃপুরের সৃষ্টি, এর ভাষা মেয়েলি ভাষা। বরাক উপত্যকার প্রবাদ অবলম্বনে বক্তব্যটি পর্যালোচনা করো। ৬+৮=১৪

ঘ—গুচ্ছ

৭। 'শ্রীহট্টের লোকসঙ্গীত' এর সংকলক কে? এটি কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিলো? বাউল কবিরা তাঁদের গানে বিভিন্ন সংখ্যার রূপকে মানবদেহের অভ্যন্তরীণ পরিচয় দিয়েছেন। 'শ্রীহট্টের লোকসঙ্গীত' থেকে দৃষ্টান্ত দিয়ে বাউল গানে উল্লিখিত সংখ্যাগুলির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৮। গীতিকা ও গীত-এর পার্থক্যগুলি নির্দেশ করো। 'জঙ্গীয়ার গীত'-কে আঞ্চলিক গীতিকা বলা যায় কি না, এ বিষয়ে তোমার অভিমত দাও। ৪+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। বারমাসি গানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো। বরাক উপত্যকার বারমাসি গানগুলিকে শুধুমাত্র আবেগময় প্রেম বা বিরহসঙ্গীত বলে মনে হয় না। সিদ্ধান্তটি বিচার করো। ৪+১০=১৪

১০। বরাক উপত্যকায় কোন্ পূজার সময় বারমাসি গান করা হয়? এই গানের সঙ্গে সংশ্লিষ্ট কোন্ আচারের যোগ আছে? বারমাসি গানগুলি একান্তভাবেই নারীজীবনাশ্রিত সঙ্গীত। মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১+১+১২=১৪

OPTION—E

Course No. : BNGCC–404 (E)

(বাংলা সাহিত্যের নারীচেতনাবাদী ও উপনিবেশোত্তর চেতনাবাদী অধ্যয়ন—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। উপনিবেশোত্তর চেতনার স্বরূপ ব্যাখ্যা করো। উপনিবেশোত্তর চেতনা প্রতিবাদ ও বিনির্মাণের আয়ুধ বলেই অনুপস্থিত অস্তিত্বকে বাঙ্ময় করে তুলতে চায়। বিশ্লেষণ করো। ৪+১০=১৪

২। 'Voice from the margin' এই উচ্চারণটি কার? এডোয়ার্ড সাঈদের একটি বইয়ের নাম উল্লেখ করো। ''অনালোকিত অপর পরিসরের পুনরাবিষ্কার ও পুনর্নির্মাণ করে উপনিবেশোত্তর পাঠকৃতি।'' তোমার পঠিত উপন্যাসের সাহায্যে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। প্রকাশকালসহ গুণময় মান্নার রচিত প্রথম ও শেষ উপন্যাসের নাম লেখো। উপনিবেশোত্তর চেতনার সাহিত্যিক অভিব্যক্তি 'মুটে' উপন্যাসে কীভাবে ফুটে উঠেছে, তা বিশ্লেষণ করো। ২+১২=১৪

৪। 'মুটে' উপন্যাসে মোট কতটি পরিচ্ছেদ আছে? উপন্যাসে সুধীর সাঁতরার পিতার নাম কী ছিল? ''মুটে' উপন্যাসে লোকসংস্কৃতির একটি বিশেষ পর্ব আসলে ঔপনিবেশিক জীবনবৃত্ত থেকে মুক্তির পথকেই দিশায়িত করে।'' মন্তব্যটি আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। করিম বক্‌শ কে? তার প্রথম স্ত্রীর নাম কী ছিল? ''জয়গুণের সংগ্রাম আসলে ধর্মান্ধ সমাজ বাস্তবতার পাশাপাশি এক নারীর অস্তিত্ব প্রতিষ্ঠারও সংগ্রাম।'' পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৬। 'খোয়াবনামা'-র কাহিনিকাল ও কাহিনিস্থান উল্লেখ করো। ''কুলসুমের বুকের হাহাকার আর ক্ষুধার জ্বালার সঙ্গে মিশে থাকে তার নিরুদ্দিষ্ট দাদা—চেরাগ আলী ফকিরের মরমীয় অভিভব''—কুলসুম চরিত্র বিশ্লেষণে এমত ভাবনার প্রাসঙ্গিকতা আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'হারবার্ট' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? নবারুণ ভট্টাচার্যের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। '' 'হারবার্ট' যে সময়কে নিয়ে নির্মিত হয়েছে বা যে সময়ের গল্প, সে সময়টার সংকট শুধু ওই ভাঙনেই নয়, আরো গভীর তলদেশে, দুর্মর ভাঙনের ক্রান্তিকালেও আরো এক সংগঠনের ইঙ্গিত দেখা দেয়।'' সমালোচকের এই মন্তব্যটি উপন্যাস আলোচনায় বুঝিয়ে দাও। ১+২+১১=১৪

৮। হারবার্টের ভাইপোর নাম কী? ভাইপোর কাছ থেকে সে কোন্ ছড়াটি শিখেছিল? ঔপনিবেশিক নির্মিতি 'হারবার্ট' উপন্যাসে যেভাবে প্রতিফলিত হয়েছে, উপন্যাস আলোচনায় তা বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'নীল ময়ূরের যৌবন' কত সালে গ্রন্থাকারে বেরিয়েছে? '' 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে সেলিনা হোসেন প্রকৃতপক্ষে হাজার বছরের ইতিহাসের স্মৃতিময় একটি সেতু তৈরি করেছেন সময়ের প্রেক্ষাপটে।'' আলোচনা করো। ১+১৩=১৪

১০। সেলিনা হোসেনের জন্ম কত সালে এবং কোথায় হয়েছিল? ''সেলিনা হোসেন ঔপনিবেশিক পরিস্থিতিতেও কীভাবে প্রতিরোধ তৈরি করা যায় এবং কীভাবে ভয়ংকর এক পরিস্থিতির মধ্যেও মানুষ বাঁচতে পারে; মুক্তির স্বাদ পেতে পারে; তাই ব্যাখ্যা করতে চান 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে।'' মন্তব্যটি আলোচনা করো। ২+১২=১৪

OPTION—F

Course No. : BNGCC–404 (F)

(বিশেষ পাঠ : ভাষাবিজ্ঞান)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। কোন্ যন্ত্রের আবিষ্কার তুলনামূলক ভাষাতত্ত্ব আলোচনায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল? শ্লেগেল কোন্ বইটির জন্য ইন্দো-ইউরোপীয় ভাষাভাষীদের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবেন? তুলনামূলক ভাষাতত্ত্ব আলোচনায় রাস্ক এবং বপের অবদান আলোচনা করে গ্রীমের ধ্বনিপরিবর্তনের সূত্রগুলো আলোচনা করো। ১+১+৬+৬=১৪

২। ফ্রীদ্রিশ পটের শব্দের ব্যুৎপত্তিগত অনুসন্ধান-বিষয়ক গ্রন্থটির নাম কী? ইন্দো-ইউরোপীয় ভাষাসমূহের প্রায় পূর্ণাঙ্গ তুলনামূলক ব্যাকরণ নিয়ে কে প্রথম গ্রন্থ রচনা করেছিলেন? তাঁর গ্রন্থের নাম কী? ভাষার ব্যাকরণ রচনায় ফ্রীদ্রিশ পট্ এবং শ্লাইশার সম্পর্কে আলোচনা করো। ১+১+১+৬+৫=১৪

খ—গুচ্ছ

৩। শব্দার্থের বৈচিত্র্যগুলি উল্লেখ করো। শব্দার্থের যে বিভিন্ন তত্ত্বগুলি আছে সেগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+১০=১৪

৪। গঠনবাদ (Structuralism) বলতে কী বোঝ? গঠনবাদের সঙ্গে ভাষাবিজ্ঞানের সম্পর্কটি আলোচনা করো। ৭+৭=১৪

গ—গুচ্ছ

৫। মনোভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? মানবশিশুর বয়স বৃদ্ধির সঙ্গে ভাষা শিক্ষার সাধারণ ক্রমটি আলোচনা করো। মানবশিশু ছাড়া অন্যান্য প্রাণীদের ক্ষেত্রে ভাষা শিক্ষার ক্ষেত্রে কী ধরনের গবেষণা হয়েছে তার দুটি দৃষ্টান্ত আলোচনা করো। ২+৬+৬=১৪

৬। LAD বলতে কী বোঝ? মানব মস্তিষ্কের ডান এবং বাম গোলার্ধের ভূমিকা কী? ব্রোকা'স অঞ্চল এবং ভের্ণিক'স অঞ্চলের কাজগুলি আলোচনা করো। ৩+৫+৬=১৪

ঘ—গুচ্ছ

৭। সমাজভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? দ্বিভাষিকতা, কোডমিশ্রণ-কোডপরিবর্তন ও পিজিন-ক্রেয়ল বিষয়ে আলোচনা করো। ২+৪+৪+৪=১৪

৮। ভারতবর্ষের রাষ্ট্র ভাষা নির্ণয়ের ক্ষেত্রে যে ভাষিক আন্দোলন হয়েছিল তার সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। বরাক উপত্যকায় বিষ্ণুপ্রিয়া মণিপুরীভাষীদের যে আন্দোলন তার সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৭+৭=১৪

ঙ—গুচ্ছ

৯। ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে সমাজভাষাবিজ্ঞানে গবেষণা করার ক্ষেত্রে যে বিভিন্ন পদ্ধতি আছে সেগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৪

১০। তুমি যে অঞ্চলে, যে বিষয়ে ক্ষেত্রসমীক্ষা করেছো তার একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১৪

OPTION—G

Course No. : BNGCC–404 (G)

(কথাসাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো। বাংলা ছোটগল্পের বিবর্তনের রূপরেখাটি অতি সংক্ষেপে পর্যালোচনা করো। ৫+৯=১৪

২। ''ছোটোও হতে হবে, গল্পও হতে হবে।'' উক্তিটি কার? ''নির্মাণরূপের বৈচিত্র্যে ছোটোগল্প যেভাবেই নিজেকে প্রকাশ করুক না কেন, প্রতিটি ছোটোগল্পই আর্থসামাজিক সময়ের ফসল।'' তোমার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে বিষয়টি বিস্তারিতভাবে ব্যাখ্যা করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। বনফুলের জন্মসাল ও জন্মস্থান উল্লেখ করো। মানুষের মূল্যবোধের রূপান্তরের চেতনা রূপ পেয়েছে বনফুলের গল্পে। বিষয়টি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৪। আশাপূর্ণা দেবীর প্রথম লেখা কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থের নাম এবং প্রকাশকাল উল্লেখ করো। ''নৈতিকতার বোধ যে নারী-পুরুষের ভিন্ন, একথাটি ধরা পড়েছে আশাপূর্ণার একাধিক গল্পে।'' তোমার পঠিত গল্প অবলম্বনে বিষয়টি পর্যালোচনা করো। ১+১+১+১১=১৪

গ—গুচ্ছ

৫। রমানাথ রায়ের 'শ্রেষ্ঠ গল্প' কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? পঠিত গল্প অবলম্বনে রমানাথ রায়ের গল্পবীক্ষা ও গল্পশৈলীর পরিচয় দাও। ১+১+১২=১৪

৬। রমানাথ রায়ের একটি উপন্যাসের নাম লেখো। কোন্ গল্প-আন্দোলনের অন্যতম প্রবক্তা ছিলেন লেখক? ''নাগরিক মধ্যবিত্তের অমোঘ নিঃসঙ্গতা ও আধুনিক জীবনের অন্তর্বৃত অসহায়তা রমানাথ রায়ের গল্পের কেন্দ্রীয় ভাবকল্প।'' দৃষ্টান্ত সহযোগে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। মহাশ্বেতা দেবীর জন্মসাল কত? তাঁর দুটি উপন্যাসের নাম লেখো। ''নিপীড়িত-শোষিত মানুষ, শ্রমিক-কৃষক, অন্ত্যজ-আদিবাসী মানুষের প্রতি মহাশ্বেতার সহমর্মিতা।'' তোমার পাঠ্য গল্প অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+২+১১=১৪

৮। স্বপ্নময় চক্রবর্তীর যে কোনো দুটি গল্প সংকলনের নাম লেখ। ''মানবিক মূল্যবোধের নানামাত্রিক রূপ এবং সমকালীন রাজনীতির বিচিত্র বিভঙ্গ স্বপ্নময়ের গল্পবিশ্বকে এক আলাদা মর্যাদা দিয়েছে।'' তোমার পঠিত গল্প অবলম্বনে আলোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। ''গত চারটি দশকেও আমরা পারিনি ওই মিছিলের সাথে আমাদের সংহতি খুঁজে নিতে। আর আজ তাই আমরা সারিবদ্ধ এক উপনিবেশবাদী, মদমত্ত আক্রমণকারীর পরিচয়ে বিদ্ধ।'' কথাগুলি কোন্ গল্পে রয়েছে? 'আমরা' কারা? মিছিলই বা কাদের? গল্পটিতে পূর্বোত্তর ভারতের আদিবাসী গোষ্ঠী এবং রাষ্ট্রকেন্দ্রের জটিল সম্পর্কের যে রাজনৈতিক মূল্যায়ন রয়েছে, তা নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১+১+১+১১=১৪

১০। 'আত্মপরিচয়' গ্রন্থের কোন্ তিনটি গল্প অসমীয়া ভাষায় অনূদিত হয়েছে? ''সংখ্যালঘু অস্তিত্বের সংকট 'বদ্ধজলার মর্মকথা' গল্পের মূল বিষয়।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ৩+১১=১৪

★★★